অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন জানুয়ারির শুরুর দিকের চরম আবহাওয়ায় ক্ষতিগ্রস্ত লং আইল্যান্ডের অধিবাসী এবং ব্যবসাসমূহকে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন ফেডারেল সহায়তা প্রদান করবে

9-10 জানুয়ারি, 2024 এর ভারী বৃষ্টিপাত এবং তীব্র বাতাসের কারণে ক্ষতিগ্রস্ত সাফোক ও নাসাউ কাউন্টির যোগ্য বাসিন্দা ও ব্যবসাকে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন অল্প সুদের ঋণ প্রদান করবে

15 মার্চ থেকে ভৌত দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র খুলতে যাচ্ছে

ঋণের আবেদন অনলাইনে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 9-10 জানুয়ারি, 2024 এর ভারী বৃষ্টিপাত এবং তীব্র বাতাসসহ চরম আবহাওয়াতে ক্ষতিগ্রস্ত লং আইল্যান্ডের নিউ ইয়র্কবাসীর জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (U.S. Small Business Administration, SBA) ফেডারেল সহায়তা প্রদান করবে। সাফোক ও নাসাউ কাউন্টির বাসিন্দা ও ব্যবসাসমূহ এখন বিধ্বংসী বৃষ্টিপাতের ঘটনা থেকে নিজেদের পুনরুদ্ধারে সহায়তা করার জন্য অল্প সুদের ঋণের আবেদন করার জন্য যোগ্য হবে।

"ঝড় পুনরুদ্ধারের বোঝা নিউ ইয়র্কবাসী ও ব্যবসাসমূহের এক বহন করতে হওয়া উচিত নয়, এবং এই ঋণগুলি আক্রান্তদের আরো উত্তম ও বলীয়ানভাবে পুনর্গঠন করতে অনেক সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "জানুয়ারির বাতাস দ্বারা ক্ষতিগ্রস্ত লং আইল্যান্ড অধিবাসীদের অবশ্যই অতিরিক্ত আর্থিক সমর্থনের জন্য আবেদন করা ও এর সদ্ব্যবহার করা উচিত। নিউ ইয়র্কবাসীর কাছে যাতে চরম আবহাওয়ার ঘটনা থেকে পুনরুদ্ধার পাওয়ার সংস্থান থাকে তা নিশ্চিত করার জন্য SBA কে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "জানুয়ারির শুরু দিকে, লং আইল্যান্ডের কিছু অংশে ভারী বৃষ্টিপাত ও তীব্র বাতাস দেখা যায় যা বাড়িঘর ও ব্যবসার ক্ষতি করেছে। গভর্নর হোকল এবং SBA এর সাথে অংশীদারিত্বের কারণে, আমরা ক্ষুদ্র ব্যবসা ও বাড়ির মালিকদের এখন ত্রাণ প্রদান করতে পারবো।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "বছরের শুরুর দিকের ভারী বৃষ্টিপাত ও তীব্র বাতাসের কারণে লং আইল্যান্ডের বাড়িঘর ও ব্যবসার উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি হয়েছে, এবং ক্ষতিগ্রস্ত বাড়ি ও ব্যবসাসমূহ যে এখন পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় ফেডারেল সহায়তা পাবে তা দেখে আমি গর্বিত। সম্প্রদায়ে সবথেকে আক্রান্ত ব্যক্তিদের পুনর্গঠন ও নিজেদের জীবিকা ফেরত পাওয়া সম্ভব করার জন্য প্রথম ধাপ হলো এইসব দুর্যোগ ঋণ পাওয়ার সুযোগ প্রদান করা। আমি এই গুরুত্বপূর্ণ ফেডারেল সহায়তা দেওয়ার জন্য SBA-কে ধন্যবাদ জানাই এবং গুরুতর আবহাওয়ার ঘটনার পরে পুনরুদ্ধার প্রক্রিয়াটি ত্বরান্বিত করার জন্য সকল নিউ ইয়র্কবাসীর কাছে সকল লভ্য সংস্থান রয়েছে তা নিশ্চিত করার জন্য আমি লড়াই চালিয়ে যাব।"

9-10 জানুয়ারি, 2024 এর মধ্যে নিউ ইয়র্ক স্টেটের অনেক অংশের উপর দিয়ে একটি স্টেটব্যাপী একাধিক বিপর্যয়ের আবহাওয়া ইভেন্ট পার হয়, যার ফলে ব্যবসা ও বাড়িঘরের উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি হয়। ইভেন্টের কারণে লং আইল্যান্ডে 3.5 ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত হয় এবং এটি জোয়ারের সাথে একই সময়ে হয়ে চরম বন্যার কারণ হয়। 8 জানুয়ারি গভর্নর হোকল ঘোষণা করেন যে তিনি অ্যালবানিতে স্টেটের জরুরি কর্মকাণ্ড কেন্দ্র (Emergency Operations Center) সক্রিয় করেছেন যাতে তারা ঝড়ের নজরদারি করতে পারে এবং স্টেটের সাড়াদান কর্মকাণ্ডের সমন্বয় করতে পারে। ঝড়ের সময়, সাফোক ও নাসাউ উভয় কাউন্টি চরম আবহাওয়া পরিস্থিতি এবং তাদের প্রভাবের কারণে নিজ নিজ অবস্থানে জরুরি অবস্থা জারি করে। ইভেন্টের পর, নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কর্মীরা, ক্ষুদ্র ব্যবসা প্রশাসন, এবং সাফোক কাউন্টি একটি পুঙ্খানুপুঙ্খ ক্ষতির মূল্যায়ন করে।

মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন ব্যবসা ও বাড়ির মালিকদের ঘোষিত দুর্যোগ থেকে পুনরুদ্ধার পেতে সাহায্য করার জন্য অল্প সুদে ঋণ প্রদান করে। ব্যবসা, বাড়ির মালিক, ভাড়াটিয়া, এবং বেসরকারি, অলাভজনক সংগঠনসহ সকল আবেদনকারীকে অবশ্যই একটি ঘোষিত দুর্যোগ এলাকায় থাকতে হবে এবং ঋণের প্রকার অনুযায়ী অন্যান্য যোগ্যতার নির্ণায়ক পূরণ করতে হবে।

দুর্যোগ ঋণের প্রকার
নিম্নোক্ত দুর্যোগ ঋণ উপলভ্য আছে:

- **ব্যবসায়িক ভৌত দুর্যোগ ঋণ (Business Physical Disaster Loans)** - ব্যবসার মালিকানাধীন দুর্যোগে ক্ষতিগ্রস্ত সম্পত্তির মেরামত বা প্রতিস্থাপনের জন্য ব্যবসাসমূহকে ঋণ প্রদান করা হবে, যার মধ্যে রয়েছে রিয়েল এস্টেট, সরবরাহ, মেশিনারি, ও সরঞ্জাম। সকল আকারের ব্যবসা যোগ্য হবে। এছাড়া, বেসরকারি, অলাভজনক সংগঠন যেমন দাতব্য প্রতিষ্ঠান, গির্জা, বেসরকারি ইউনিভার্সিটি ইত্যাদিও যোগ্য হবে।
- **অর্থনৈতিক ইনজুরি দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans, EIDL)** - ক্ষুদ্র ব্যবসা, ক্ষুদ্র কৃষি সমবায়, কৃষিতে জড়িত ক্ষুদ্র ব্যবসা, এবং অধিকাংশ বেসরকারি, সকল আকারের অলাভজনক সংগঠনকে দুর্যোগের প্রত্যক্ষ ফল হিসেবে পূরণ করতে ব্যর্থ হওয়া সাধারণ ও প্রয়োজনীয় আর্থিক দায়বদ্ধতা পূরণ করতে সাহায্য করার জন্য কার্যকর মূলধন ঋণ।

- **বাড়ি দুর্যোগ ঋণ (Home Disaster Loans)** - দুর্যোগে ক্ষতিগ্রস্ত রিয়েল এস্টেট এবং অটোমোবাইলসহ ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপন করার জন্য বাড়ির মালিক বা ভাড়াটিয়ার জন্য ঋণ।

দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র
নিউ ইয়র্কবাসীকে সশরীরে সহায়তার জন্য আবেদন করতে সাহায্য করার জন্য SBA দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র (Disaster Loan Outreach Centers) স্থাপন করছে। উভয় কেন্দ্র 15 মার্চ, শুক্রবার সকাল 11:00টায় খুলবে। 15 মার্চের পর কেন্দ্র দুইটি খোলা থাকার সময়সূচি নিচে দেখুন।

ব্যাবিলন টাউন হল, 200 Sunrise Hwy, Lindenhurst, NY 11757।

- 15 মার্চ, শুক্রবার সকাল 11:00টায় খুলবে।
- খোলা থাকার সময় (15 মার্চের পর):
  - সোমবার-শুক্রবার: সকাল 8:30টা - বিকাল 4:30টা
  - শনিবার ও রবিবার বন্ধ থাকবে।

ম্যাস্টিক রিক্রিয়েশন সেন্টার, 15 Herkimer Street, Mastic, NY 11950।

- 15 মার্চ, শুক্রবার সকাল 11:00টায় খুলবে।
- খোলা থাকার সময় (15 মার্চের পর):
  - সোমবার-শুক্রবার: সকাল 9:00টা - সন্ধ্যা 6:00টা
  - শনিবার: সকাল 10:00টা - দুপুর 2:00টা
  - রবিবার বন্ধ থাকবে।

উভয় কেন্দ্র 29 মার্চ, 2024, শুক্রবার, বিকাল 4:00টায় বন্ধ হবে বলে নির্ধারিত আছে।

অনলাইনে এ MySBA **ঋণ পোর্টাল** https://lending.sba.gov ব্যবহার করে দুর্যোগ ঋণের জন্য আবেদন করা যেতে পারে। এছাড়াও আবেদনকারীরা 1-800-659-2955 নম্বরে SBA এর গ্রাহক সেবা কেন্দ্রে (Customer Service Center) ফোন করতে বা disastercustomerservice@sba.gov এ ইমেইল করতে পারবে।

টেলিযোগাযোগ রিলে সেবা পাওয়ার জন্য বধির, শ্রবণে সমস্যা থাকা, বা বাক অক্ষমতাসহ ব্যক্তিরা 7-1-1 এ ডায়াল করতে পারবে।

U.S. Small Business Administration, Processing and Disbursement Center, 14925 Kingsport Road, Fort Worth, TX 76155 ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র প্রেরণ করতে হবে।

ভৌত সম্পত্তির ক্ষয়ের জন্য ফিরতি আবেদন দায়ের করার শেষ তারিখ **10 মে, 2024।**
অর্থনৈতিক ইনজুরির ফিরতি আবেদনের শেষ তারিখ **11 ডিসেম্বর, 2024**।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন